This booklet contains 20 pages.
इस पुस्तिका में 20 पृष्ठ हैं ।

# JP-2-04

**PAPER II / प्रश्न-पत्र II**
**Bengali Language Supplement**
**बंगाली भाषा परिशिष्ट**
**PART IV & V / भाग IV & V**

**Test Booklet Code**
**परीक्षा पुस्तिका संकेत**

**P**

**Test Booklet No.**
**परीक्षा पुस्तिका संख्या**

**509069**

**Do not open this Test Booklet until you are asked to do so.**
**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए ।**
**Read carefully the Instructions on the Back Cover (Page 19 & 20) of this Test Booklet.**
**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ 19 व 20)पर दिए निर्देशों को ध्यान से पढ़ें ।**

**For instructions in Bengali see Page 2 of this Booklet. / बंगाली में निर्देशों के लिए इस पुस्तिका का पृष्ठ 2 देखें ।**

## *INSTRUCTIONS FOR CANDIDATES*

1. This booklet is a supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part IV (Language I) **OR** Part V (Language II) in **BENGALI** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Part I and Part II **OR** III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part IV and Part V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Blue / Black Ball Point Pen only** for writing particulars on this page / marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **P.** Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **two** Parts, IV and V, consisting of **60** Objective Type Questions, each carrying 1 mark :
   Part-IV : Language I - (Bengali) (Q. 91 to Q. 120)
   Part-V : Language II - (Bengali) (Q. 121 to Q. 150)
7. Part-IV contains 30 questions for Language-I and Part-V contains 30 questions for Language-II. In this Test Booklet, only questions pertaining to Bengali language have been given. **In case the language/s you have opted for as Language-I and/or Language-II is a language other than Bengali, please ask for a Test Booklet that contains questions on that language. The languages being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part -V (Language-II) in a language other than the one chosen as Language-I (in Part-IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

## परीक्षार्थियों के लिए निर्देश

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका की एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो या तो भाग IV (भाषा I) **या** भाग V (भाषा II) **बंगाली** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं** ।
2. परीक्षार्थी भाग I एवं भाग II **या** III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से ।
3. अंग्रेज़ी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग IV व भाग V के अन्तर्गत दिए गए हैं । भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं ।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर पत्र पर निशान लगाने के लिए **केवल नीले/काले बॉल पॉइंट पेन** का प्रयोग करें ।
5. इस भाषा पुस्तिका का **संकेत** है **P** । यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट पुस्तिका का संकेत, उत्तर पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है । अगर यह भिन्न हो तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं, जो प्रत्येक 1 अंक का है :
   भाग-IV : भाषा I - (बंगाली) (प्र. 91 से प्र. 120)
   भाग-V : भाषा II - (बंगाली) (प्र. 121 से प्र. 150)
7. भाग-IV में भाषा-I के लिए 30 प्रश्न और भाग-V में भाषा-II के लिए 30 प्रश्न दिए गए हैं । इस परीक्षा पुस्तिका में केवल बंगाली भाषा से संबंधित प्रश्न दिए गए हैं । **यदि भाषा-I और/या भाषा-II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगाली के अलावा है तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लीजिए । जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए ।**
8. **परीक्षार्थी भाग-V (भाषा-II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा I (भाग-IV) में चुनी गई भाषा से भिन्न हो ।**
9. रफ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें ।
10. सभी उत्तर केवल OMR उत्तर पत्र पर ही अंकित करें । अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें । उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है ।

Name of the Candidate (in Capitals) : ____________________
परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) :
Roll Number : in figures ____________________
अनुक्रमांक : (अंकों में)
: in words ____________________
: (शब्दों में)
Centre of Examination (in Capitals) : ____________________
परीक्षा केन्द्र (बड़े अक्षरों में) :
Candidate's Signature : ____________ Invigilator's Signature : ____________
परीक्षार्थी के हस्ताक्षर : निरीक्षक के हस्ताक्षर :
Facsimile signature stamp of
Centre Superintendent ____________________

SEAL

**P** **P**

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত

# JP-2-04

পরীক্ষা পুস্তিকা কোড

**P**

## প্রশ্ন পত্র II

## বাংলা ভাষা পরিশিষ্ট

## ভাগ IV & V

**যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা পুস্তিকাটি খুলবেন না ।**

**পরীক্ষা পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠ 19 & 20) মুদ্রিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন ।**

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী **বাংলা** ভাষায় ভাগ IV (ভাষা I) (Part IV, Language I) **অথবা** ভাগ V (ভাষা II) (Part V, Language II) - এর কিন্তু দুটিরই নয় - উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ ।
2. পরীক্ষার্থীরা ভাগ I এবং ভাগ II **অথবা** III এর উত্তর মুখ্য পরীক্ষা পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ IV এবং V এর উত্তর তাদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন ।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা পুস্তিকার ভাগ IV এবং ভাগ V এ দেওয়া আছে । পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা-পরিষিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন ।
4. এই পৃষ্ঠার বিবরণ গুলি লেখার জন্য এবং উত্তর পত্রে উত্তর চিহ্নিত করণের জন্য **কেবলমাত্র নীল/কালো বল্ পয়েন্ট পেনই** ব্যবহার করতে হবে ।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **P.** এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর পত্রের দ্বিতীয় পৃষ্ঠায় মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা এবশ্যই নিশ্চিত হয়ে নেবেন । কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা নিরীক্ষক (invigilator) - এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা পুস্তিকাটি বদলে দিতে বলবেন ।
6. এই পরীক্ষা পুস্তিকাটি IV এবং V - এই দুই ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60**টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective Type Questions) বর্তমান । প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :
   ভাগ IV : ভাষা I — (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 91 থেকে 120)*
   ভাগ V : ভাষা II — (বাংলা) *(প্রশ্ন সংখ্যা : 121 থেকে 150)*
7. ভাগ IV এ ভাষা I এর জন্য আছে 30টি প্রশ্ন এবং ভাগ V এ ভাষা II এর জন্য আছে 30টি প্রশ্ন । যদি ভাষা — I এবং/অথবা ভাষা II এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয় - তা হলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা পুস্তিকা চেয়ে নিন । আপনি আপনার আবেদন পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে ।
8. পরীক্ষার্থীদের ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে - যা তার ভাষা I (ভাগ IV) এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা । অর্থাৎ ভাষা I (ভাগ IV) এবং ভাগ V (ভাষা II) এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না ।
9. পরীক্ষা পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (rough work) - এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই rough work করতে হবে ।
10. সব উত্তর (OMR) উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে । উত্তর চিহ্নিত করণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে

পরীক্ষার্থীর নাম (ছাপার অক্ষরে) : ______________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) ______________________

: (অক্ষরে) ______________________

পরীক্ষা কেন্দ্র (ছাপার অক্ষরে) : ______________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ______________ পরীক্ষা নিরীক্ষকের স্বাক্ষর : ______________

Facsimile signature stamp of

Centre Superintendent ______________________

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা I** হিসাবে নির্বাচিত করেছেন, তারা-ই-শুধু এই অংশের উত্তর দেবেন ।

# ভাগ – IV
## ভাষা – I
## বাংলা

**নির্দেশ :** নিম্নলিখিত রচনাটি অবলম্বনে প্রশ্নগুলির উত্তর দাও ।

রিদয় বলে ছেলেটা নামেই হৃদয়, দয়ামায়া একটুও ছিল না । পাখির বাসায় ইঁদুর, গরুর গোয়ালে বোলতা, ইঁদুরের গর্তে জল, বোলতার বাসায় ছুঁচোবাজি, কাকের ছানা ধরে তার নাকে তার দিয়ে নথ পরিয়ে দেওয়া, কুকুর-ছানা বেড়াল-ছানার ল্যাজে কাঁকড়া ধরিয়ে দেওয়া, ঘুমন্ত গুরুমহাশয়ের টিকিতে বিচুটি লাগিয়ে আসা, বাবার চাদরে চোরকাঁটা বিঁধিয়ে রাখা, মায়ের ভাঁড়ার-ঘরে আমসির হাঁড়িতে আরশোলা ভরে দেওয়া – এমনি নানা উৎপাতে সে মানুষ, পশুপাখি, কীটপতঙ্গ, সবাইকে এমন জ্বালাতন করেছিল যে কেউ তাকে দু'চক্ষে দেখতে পারত না ।

রিদয়ের মা-বাপ ছিল আমতলি গাঁয়ের প্রজা । দুজনেই বুড়ো হয়েছে । রিদয় তাদের এক ছেলে, বয়স হল প্রায় বারো বছর; অথচ ছেলেটা না শিখলে লেখাপড়া, না শিখলে চাষবাসের কাজ; কেবল নষ্টামি করেই বেড়াতে লাগল । শেষে এমন হল যে তার বাপ-মা বাইরে হাটে-মাঠে যাবার সময় রিদয়কে ঘরে তালাবন্ধ করে রেখে যেত ।

তখন শীত গিয়ে গরম পড়তে আরম্ভ হয়েছে । গাছে-গাছে আমের বোল আর কাঁচা-আমের গুটি ধরেছে, পানাপুকুরের চারধার আমরুলি শাকের সবুজ পাতায় ছেয়ে গিয়েছে; আলের ধারে-ধারে নতুন দুর্বো, আকন্দফুল সবে দেখা দিয়েছে; দূরে শাল-পিয়ালের তেঁতুল-তমালের বনে নতুন পাতা লেগেছে, আর দেখতে-দেখতে সমস্ত বন যেন পুরন্ত বাড়ন্ত হয়ে উঠছে; রোদ পাতায়-পাতায় কাঁচা-সোনার রঙ ধরিয়ে দিয়েছে; কুয়াশা আর মেঘ সরে গিয়ে মনে হচ্ছে যেন নীল আকাশের কপাট হঠাৎ খুলে গেছে আর বাতাস ছুটে বেরিয়ে এসেছে - বাইরে ! রিদয়ের কুলুপ-দেওয়া ঘরেও আজ দরমার ঝাঁপগুলোর ফাঁক দিয়ে রোদ উঁকি দিচ্ছে, বাতাস সরু সুরে বাঁশি দিয়ে ঢুকছে । রিদয় কিন্তু এসব দেখছে না, শুনছেও না । সে চুপটি করে বসে নষ্টামির ফন্দি আঁটছে । কিন্তু গর্ত ফেলে ইঁদুর যে আজ নতুন বসন্তে শুকনো পাতায় ছাওয়া বাদামতলায় রোদ পোহাতে বেরিয়ে গেছে, বেড়াল-ছানাটা কাঁঠালতলায় কাঠবেড়ালির সঙ্গে ভাব করতে দৌড়েছে, গোয়াল ঘরের কপ্‌লে গাই তার নেয়াল বাছুরটাকে নিয়ে ল্যাজ তুলে ঢেঁকির মতো লাফাতে-লাফাতে মাঠের দিকে দৌড় দিলে, ঘুলঘুলি দিয়ে সেটা হৃদয় স্পষ্ট দেখলে ।

**91.** 'রিদয় কিন্তু এসব দেখছে না, শুনছেও না।' – বাক্যটিতে কয়টি ক্রিয়া ব্যবহৃত হয়েছে

(1) ০৩ (2) ০১

(3) ০২ (4) ০৪

**92.** আজ নতুন _______ শুকনো পাতায় ছাওয়া বাদামতলায় রোদ _______ বেরিয়ে গেছে, বেড়াল ছানাটা কাঁঠালতলায় কাঠবেড়ালির সঙ্গে _______ করতে দৌড়েছে, – শূন্যস্থান পূরণ করুন -

(1) বসন্তে, পোহাতে, ভাব

(2) ভাব, পোহাতে, বসন্তে

(3) বসন্তে, ভাব, পোহাতে

(4) পোহাতে, ভাব, বসন্তে

**93.** রিদয়ের মা-বাপ কোন গাঁয়ের প্রজা ছিল

(1) আমতলি (2) জামতলি

(3) কাঁঠালতলি (4) করমোচাতলি

**94.** রিদয় মায়ের ভাঁড়ার ঘরে আমসির হাঁড়িতে কি ভরে দিত ?

(1) পিঁপড়ে (2) ইঁদুর

(3) টিকটিকি (4) আরশোলা

**95.** 'কেবল নষ্টামি করেই বেড়াতে লাগল' – বাক্যাংশে 'নষ্টামি করেই' শব্দদ্বয় কি কারক ?

(1) অপাদান কারক

(2) কর্মকারক

(3) কর্তৃকারক

(4) অধিকরণ কারক

**96.** আলোচ্য রচনায় 'রিদয়' শব্দটি কয় বার ব্যবহৃত হয়েছে ?

(1) ০৪ (2) ০৬

(3) ০৩ (4) ০৫

**97.** "এমনি নানা উৎপাতে সে মানুষ, পশুপাখি, কীটপতঙ্গ, সবাইকে এমন জ্বালাতন করেছিল যে কেউ তাকে দু'চক্ষে দেখতে পারত না" – এখানে 'সে' এবং 'তাকে' শব্দদ্বয় যথাক্রমে

(1) বিশেষ্য

(2) সর্বনাম

(3) বিশেষণ

(4) অব্যয়

**98.** রিদয় ইঁদুরের সঙ্গে কি রকম ব্যবহার করতো ?

(1) তাদের গায়ে বোলতা ছেড়ে দিত।

(2) তাদের গর্তে জল ঢেলে দিত।

(3) তাদের পায়ে কাঁটা বিঁধিয়ে দিত।

(4) তাদের চিমটি কেটে দিত।

**99.** নিম্নলিখিত কোন বাক্যটি রচনাংশ থেকে যথাযথভাবে নেওয়া হয়েছে

(1) পথের ধারে-ধারে নতুন দুর্বো, আকন্দ ফুল সবে দেখা দিয়েছে;

(2) আলের ধারে-ধারে কচি দুর্বো, আকন্দফুল দেখা দিয়েছে;

(3) আলের ধারে নতুন দুর্বো, আকন্দফুল সবে দেখা গেছে।

(4) আলের ধারে-ধারে নতুন দুর্বো, আকন্দফুল সবে দেখা দিয়েছে।

**নির্দেশ** : নিম্নলিখিত কবিতাটি অবলম্বনে প্রশ্নগুলির উত্তর লিখ ।

হাজার বছর ধ'রে আমি পথ হাঁটিতেছি পৃথিবীর পথে;
সিংহল সমুদ্র থেকে নিশীথের অন্ধকারে মালয় সাগরে
অনেক ঘুরেছি আমি; বিম্বিসার অশোকের ধূসর জগতে
সেখানে ছিলাম আমি; আরো দূর অন্ধকারে বিদর্ভ নগরে;
আমি ক্লান্ত প্রাণ এক, চারিদিকে জীবনের সমুদ্র সফেন,
আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিলো নাটোরের বনলতা সেন ।

**100.** কবিতাংশটিতে কোন দুই ঐতিহাসিক ব্যক্তির নাম উল্লেখ করা হয়েছে ?

(1) অশোক, আকবর

(2) আকবর, বিম্বিসার

(3) বিম্বাসার, অশোক

(4) মহীপাল, অশোক

**101.** আলোচ্য কবিতাংশটিতে 'আমি' শব্দটি কয় বার ব্যবহৃত হয়েছে ?

(1) ০৪

(2) ০৩

(3) ০৫

(4) ০২

**102.** আলোচ্য কবিতাটি কোন ছন্দে লেখা

(1) গদ্যছন্দ

(2) কলাকৃত্ত

(3) মিশ্রকলাকৃত্ত

(4) অমিত্রাক্ষ

**103.** এই কবিতার পংক্তি মিলের ছকটি নিম্নরূপ

(1) ক ক ক ক খ খ

(2) ক খ ক খ ক খ

(3) ক ক ক ক ক ক

(4) ক ক খ খ ক ক

**104.** আমারে দু-দণ্ড শান্তি দিয়েছিলো নাটোরের ________ ?

(1) শেফালি মৈত্র

(2) বনলতা সেন

(3) সুরঞ্জনা দাস

(4) সুচেতনা বিশ্বাস

**105.** কবিতার কথক কত বছর ধরে পথ হাঁটছেন ?

(1) দশ হাজার বছর

(2) এক বছর

(3) একশ বছর

(4) হাজার বছর

**নির্দেশ** : নীচের প্রশ্নগুলির বিকল্প উত্তরগুলির মধ্য থেকে সবচেয়ে উপযুক্ত উত্তরটি বেছে লিখুন :

**106.** পড়ার সময় 'একত্রীকরণ দক্ষতা' (Gathering skill) হচ্ছে

(1) নোট নেওয়া (note taking)

(2) বিশ্লেষণ করা (analysis)

(3) রহস্য উন্মোচন করা (puzzling out)

(4) নোট তৈরি করা (note making)

107. শ্রবণ-কথন দক্ষতা মূল্যায়নের ক্লাসে অনুষ্ঠিত এই কথোপকথন লক্ষ করুন । দু'জন শিক্ষার্থীকে আপনি কী ভাবে মূল্যায়ন করবেন ?

শিক্ষক : তোমরা নিজেদের মধ্যে যার যার প্রিয় খেলা নিয়ে কথা বলো ।

১ম শিক্ষার্থী : কেন ? আমরা আমাদের প্রিয় খেলা নিয়ে আলোচনা করতে পারিনা ?

২য় শিক্ষার্থী : ঠিক আছে ...... আমি কি ওর সঙ্গে কাবাডি নিয়ে কথা বলতে পারি ?

(1) ২য় শিক্ষার্থী ঠিক, ১ম শিক্ষার্থী ঠিক মতো তার কথা যথোচিত ভাবে প্রকাশ করতে পারেনি
(2) ১ম শিক্ষার্থী ঠিক, ২য় শিক্ষার্থীর প্রতিক্রিয়া ভুল
(3) ১ম এবং ২য় - দু'জন শিক্ষার্থীর প্রতিক্রিয়াই ঠিক
(4) ১ম এবং ২য় - দু'জন শিক্ষার্থীর প্রতিক্রিয়াই ভুল

108. গবেষণা অনুযায়ী, পঠন (reading) ব্যাপারে প্রাক্-বিদ্যালয় স্তরের (preschool) শিশুদের সম্ভাব্য সাফল্যের জন্য প্রয়োজনীয় একক ভাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ গৃহ-ভিত্তিক কার্য (home-based activity) কোনটি ?

(1) শিশুদের ছড়া (nursery rhymes) মুখস্ত করা
(2) পরিবারের স্কুল সম্পর্কে আলোচনা করা
(3) মা-বাবার শিশুকে বিভিন্ন পাঠ পড়ে শোনানো
(4) মা-বাবার শিশুকে বর্ণমালা শেখানো

109. সরব পাঠের সময় কোনো শিক্ষার্থী যদি মুদ্রিত একটি শব্দের জায়গায় সমার্থক অন্য কোনো শব্দ বলে, তখন শিক্ষকের সবচেয়ে, উপযুক্ত প্রতিক্রিয়া হবে -

(1) শিক্ষার্থীকে থামিয়ে মুদ্রিত শব্দটি আবার বলতে বলা
(2) শিক্ষার্থীকে না থামিয়ে তার পড়া চলতে দেওয়া
(3) শিক্ষকের উচ্চারণ করে মুদ্রিত শব্দটি বলে দেওয়া
(4) মুদ্রিত এবং শিক্ষার্থী কথিত দুটো শব্দই লিখে দিয়ে শিক্ষার্থীকে তার মধ্য থেকে মুদ্রিত শব্দ কোনটি দেখাতে বলা

110. পূর্ব-পরিচিত কোনো শৈলির (pre-existing style) অনুকরণের বিপরীতে অবস্থিত কোনো মৌলিক শৈলিতে লিখিত (original style) রচনা হচ্ছে

(1) কাল্পনিক রচনা (fictional)
(2) সংলাপ (নাটকের জন্য) রচনা
(3) সৃজনধর্মী (creative) রচনা
(4) পত্র (letter) রচনা

111. শিক্ষার ক্ষেত্রে কোনটি 'উচ্চতর চিন্তাশক্তির' (higher order thinking) অন্তর্গত ?

(1) মুখস্থ

(2) অর্থবোধ (understanding)

(3) মূল্য নির্ধারণ বা মূল্যাঙ্কন (evaluation)

(4) প্রয়োগ (application)

112. একটি ভাষার বিভিন্ন আঞ্চলিক গোষ্ঠী সেই ভাষার ভিন্ন ভিন্ন আঞ্চলিক রূপ তাদের কথাবার্তায় ব্যবহার করে । কোনো ভাষার এই আঞ্চলিক রূপবৈচিত্র্যকে বলে

(1) ঝোঁক (accent)

(2) উপভাষা (dialect)

(3) শ্বাসাঘাত (stress)

(4) সুর (tone)

113. শিক্ষা ক্ষেত্রে কোন মাধ্যমটির অবদান সবচেয়ে বেশি ?

(1) দূরদর্শন, রেডিও

(2) প্রক্ষেপিত মাধ্যম (projected media)

(3) নমুনা ও লেখচিত্র (specimens and charts)

(4) ক্ষেত্রানুসন্ধান বা ক্ষেত্র পরিদর্শন (field trips)

114. একটি সিনেমা হলের ভিতরে বসে আছেন । সিনেমা শুরু হয়েছে । কিন্তু আপনার পিছনে বসা এক ব্যক্তি তার মোবাইল ফোনে কথা বলতে শুরু করল । আপনি চান লোকটি কথা বলা বন্ধ করুক । আপনি কী ভাবে লোকটিকে সে কথা জানাবেন ?

(1) এত চেঁচিয়ে কথা বলা বন্ধ করুন ।

(2) প্লিজ, হলের ভিতরে মোবাইল ব্যবহার করবেন না ।

(3) আপনি কি অনুগ্রহ করে আপনার মোবাইল ফোন ব্যবহার বন্ধ রাখতে পারেন না ?

(4) আপনি নিশ্চয়ই এখানে মোবাইল ফোন ব্যবহার না করে থাকতে পারবেন ?

115. প্রত্যয়োৎপাদক বা persuasive রচনা শ্রেণির অন্তর্গত হচ্ছে

(1) কর্ম মূল্যায়ন, সম্পাদকের প্রতি পত্র রচনা (job evaluation, letters to the editor)

(2) জীবনী, আত্মজীবনী রচনা

(3) বিশ্বকোষের জন্য রচিত নিবন্ধ / সারণী (articles/diagrams)

(4) সংবাদ প্রতিবেদন, পাঠ্যপুস্তক

116. শিক্ষার্থীদের অধি-সংজ্ঞানাত্মক দক্ষতা (metacognitive) বিকাশের জন্য সর্বোত্তম পন্থা কোনটি ?

(1) মূল পাঠ পড়ানোর আগে পাঠ-প্রবেশক হিসেবে শিক্ষার্থীদের কিছু সাধারণ প্রশ্ন দেওয়া

(2) মূল পাঠটি বোঝার জন্য দরকারী নতুন বা অপরিচিত শব্দাবলি শিক্ষার্থীদের মুখস্থ করতে দেওয়া

(3) পাঠ চলতে চলতে শিক্ষার্থীরা যাতে নিজেই ভালো প্রশ্ন করতে পারে, তার জন্য উৎসাহিত করা

(4) শিক্ষার্থীরা যাতে একে অপরকে বোধপরীক্ষণের জন্য প্রশ্ন করতে পারে, তার সুযোগ করে দেওয়া

117. বিষয়-বাক্য বা topic-sentence বলতে বোঝায় সেই রকম বাক্য - যাতে অঙ্কিত হয়

(1) প্রবন্ধের মূল ভাব

(2) কোনো কবিতা বা প্রবন্ধের শিরোনাম (title)

(3) কোনো অনুচ্ছেদের মূল ভাব

(4) কোনো প্রবন্ধ অথবা দলিলের উপ-শিরোনাম

118. পৃথিবীকে ভালোবাসার জন্য, একটি শান্তিপূর্ণ ভবিষ্যৎ কল্পনা করার জন্য শিক্ষার্থীদের প্রোৎসাহিত করার উদ্দেশ্যে শিক্ষার্থীদের প্রতি সংবেদনশীল হয়ে শিক্ষার্থীদেরও অপরের প্রতি সংবেদনশীল হতে সাহায্য করার উদ্দেশ্য যে শিক্ষা – তাকে বলা হয়

(1) দূর-শিক্ষা (distance education)

(2) প্রথাগত পাণ্ডিত্য পূর্ণ (academic) শিক্ষা

(3) কর্ম-শিক্ষা (vocational education)

(4) মূল্যবোধ শিক্ষা (Value education)

119. কোনো অপরিচিত শব্দের মানে পাঠ্যবস্তুর অন্যান্য শব্দের সাহায্যে অনুমান করতে পারার দক্ষতাকে বলা হয় -

(1) শ্রবণ-দক্ষতা (Listening skill)

(2) কথন-দক্ষতা (speaking skill)

(3) পঠন-দক্ষতা (reading skill)

(4) লিখন-দক্ষতা (writing skill)

120. সংবাদপত্রে খুব মন দিয়ে আপনি যখন একটি বিজ্ঞাপন পড়েন, তখন আপনার সেই পঠন-নীতিটি হয় -

(1) গভীর পাঠ (intensive)

(2) খুঁটিয়ে পড়া (scanning)

(3) বিস্তারিত পাঠ (extended)

(4) ওপর ওপর / ভাসা ভাসা পাঠ (skimming)

যে-সব পরীক্ষার্থী **বাংলা** কে **ভাষা II** হিসাবে নির্বাচিত করেছেন, তারা-ই-শুধু এই অংশের উত্তর দেবেন ।

## ভাগ – V
## ভাষা – II
## বাংলা

**নির্দেশ** : নিম্নলিখিত রচনাটি অবলম্বনে প্রশ্নগুলির উত্তর লেখ

প্রায় দেড়শ বৎসর আগেকার কথা । তখন কলকাতার বাঙালী হিন্দুসমাজে নানারকম পরিবর্তন আরম্ভ হয়েছে কিন্তু তার কোনও লক্ষণ রাঘবপুর গ্রামে দেখা দেয় নি, কাশীনাথ সার্বভৌম সেই গ্রামের সমাজপতি, দিগ্‌গজ পণ্ডিত, যেমন তাঁর শাস্ত্রজ্ঞান তেমনি বিষয়বুদ্ধি । তাঁর সন্তানরা কলকাতা হুগলি বর্ধমান কৃষ্ণনগর মুরশিদাবাদ প্রভৃতি নানা স্থানে ছড়িয়ে আছে, কিন্তু তিনি নিজে তাঁর গ্রামেই থাকেন, জমিদারি দেখেন, তেজারতি আর দেবসেবা করেন, একটি চতুষ্পাঠীরও ব্যয় নির্বাহ করেন ।

একদিন শেষরাত্রে তিনি স্বপ্ন দেখলেন, তাঁর ইষ্টদেবী কালীমাতা আবির্ভূত হয়ে বলছেন, বৎস কাশীনাথ, তোমার বয়স শত বর্ষ অতিক্রম করেছে, তুমি সুদীর্ঘকাল ইহলোকের সুখদুঃখ ভোগ করেছ । আর কেন, এখন দেহরক্ষা কর ।

কাশীনাথ বললেন, মা কৈবল্যদায়িনী, এখন তো মরতে পারব না । আমার জাজ্বল্যমান সংসার, চতুর্থ পক্ষের স্ত্রী এখনও বেঁচে আছেন । আঠারোটি পুত্রকন্যা, এক শ পঁচিশটি পৌত্র পৌত্রী দৌহিত্র দৌহিত্রী । প্রপৌত্র প্রদৌহিত্র প্রভৃতি বোধ হয় হাজার খানিক জন্মেছিল, তাদের অনেক মরেছে কিন্তু এখনও প্রচুর জীবিত আছে । তাছাড়া বিস্তর শিষ্য আমার চতুষ্পাঠীতে পড়ে, আমি তাদের পালন ও অধ্যাপনা করি । এই সব স্নেহভাজনদের ত্যাগ করা অতীব কষ্টকর । তোমার জন্য একটি বৃহৎ মন্দির নির্মাণের সংকল্প করেছি, তাও উদ্‌যাপন করতে হবে । কলকাতার কিরিস্তানী অনাচার যদি এই গ্রামে প্রবেশ করে তবে আমাকেই তা রোধ করতে হবে । আমার ছেলেদের দিয়ে কিছু হবে না, তারা স্বার্থপর, নিজেদের ধান্দা নিয়েই ব্যস্ত । বয়স বেশী হলেও আমার শরীর এখনও শক্ত আছে । অতএব কৃপা করে আরও দশটি বৎসর আমাকে বাঁচতে দাও ।

কালীমাতা, ভ্রূকুটি করে অন্তর্হিত হলেন ।

পরদিন প্রাতঃকালে কাশীনাথ সার্বভৌমের চতুর্থ পক্ষের পত্নী রাসেশ্বরী বললেন, আজ যে তোমার তিনটি প্রপৌত্রপুত্র আর পাঁচটি প্রদৌহিত্রপুত্রের অন্নপ্রাশন, তার হুঁশ আছে ? তুমি চট করে স্নান আহ্নিক সেরে এস, তোমাকেই তো হোমযাগ করতে হবে ।

গঙ্গায় স্নান করে এসে কাতরকণ্ঠে কাশীনাথ বললেন, সর্বনাশ হয়েছে গিন্নী, কালসর্প আমাকে দংশন করেছে, আমার মৃত্যু আসন্ন । মা করালবদনী এ কি করলে, হায় হায়, সংকল্পিত কর্ম সমাপ্ত না হতেই আমাকে পরলোকে পাঠাচ্ছ ।

**121.** কাশীনাথকে কে স্বপ্নে দেখা দিয়েছিল ?

(1) ইষ্টদেবী করালীচরণ

(2) ইষ্টদেবী ওলাইচণ্ডী

(3) ইষ্টদেবী কালীমাতা

(4) ইষ্টদেবী মনসা

122. "তোমাকেই তো হোমযাগ করতে হবে।" বাক্যাংশে কর্মকারক কোন টি ?

(1) করতে
(2) হোমযাগ
(3) তোমাকেই
(4) হবে

123. 'তুমি চট করে স্নান আহ্নিক সেরে এস' – বাক্যে সর্বনাম পদ কোনটি ?

(1) সেরে
(2) করে
(3) স্নান
(4) তুমি

124. কাশীনাথ কি ভাবে মারা যায় ?

(1) সর্পাঘাতে
(2) হৃদরোগে
(3) কলেরা হয়ে
(4) জলে ডুবে

125. রচনাটি অবলম্বনে সঠিক বাক্য চিহ্নিত কর -

(1) কাশীনাথ বললেন মা কেবললক্ষ্মী, এখন তো মরতে পারব না।
(2) কাশীনাথ বললেন, মা কৈবল্যদায়িনী, এখন তো মরতে পারব না।
(3) কাশীনাথ বললেন, পুত্রী কৈবল্যদায়িনী, এখন তো মরতে পারব না।
(4) কাশীনাথ বললেন, মা কৈবল্যদায়িনী, এত দেরি করে তো মরতে পারব না।

126. কাশীনাথ সার্বভৌম সেই গ্রামের ______, ______ পণ্ডিত, যেমন তাঁর ______ তেমনি বিষয় বুদ্ধি। -

শূন্যস্থান পূরণ কর।

(1) শাস্ত্রজ্ঞান, সমাজপতি, দিগ্‌গজ,
(2) দিগ্‌গজ, শাস্ত্রজ্ঞান, সমাজপতি,
(3) সমাজপতি, শাস্ত্রজ্ঞান, দিগ্‌গজ,
(4) সমাজপতি, দিগ্‌গজ, শাস্ত্রজ্ঞান,

127. কাশীনাথ কোন গ্রামের বাসিন্দা ?

(1) রামপুর (2) রাবনপুর
(3) রাঘবপুর (4) হনুমানপুর

128. "তার সন্তানরা ............... প্রভৃতি নানা স্থানে ছড়িয়ে আছে" – নিচের বিকল্পগুলির মধ্যে সঠিক ক্রমটি নির্বাচন করুন।

(1) কলকাতা হুগলি বর্ধমান কৃষ্ণনগর মুরশিদাবাদ
(2) কলকাতা হুগলি বর্ধমান মুরশিদাবাদ কৃষ্ণনগর
(3) কৃষ্ণনগর হুগলি বর্ধমান কলকাতা মুরশিদাবাদ
(4) মুরশিদাবাদ কলকাতা হুগলি বর্ধমান কৃষ্ণনগর

129. রাসেশ্বরী কে ?

(1) কাশীনাথের দ্বিতীয় পক্ষের পত্নী
(2) কাশীনাথের চতুর্থ পক্ষের পত্নী
(3) কাশীনাথের পঞ্চম পক্ষের পত্নী
(4) কাশীনাথের প্রথম পক্ষের পত্নী

**নির্দেশ :** নিম্নলিখিত অংশটি অবলম্বনে প্রশ্নগুলির উত্তর দাও ।

উদ্ধব মণ্ডল জাতিতে সদ্‌গোপ । তার অত্যন্ত দরিদ্র অবস্থা । ভূসম্পত্তি যা-কিছু ছিল ঋণের দায়ে বিক্রয় হয়ে গেছে । এখন মজুরি ক'রে কায়ক্লেশে তার দিনপাত হয় ।

এ দিকে তার কন্যা নিস্তারিণীর বিবাহ । বরের নাম বটকৃষ্ণ । তার অবস্থা মন্দ নয় । ক্ষেতের উৎপন্ন শস্য দিয়ে সহজেই সংসারনির্বাহ হয় । বাড়িতে পূজা-অর্চনা ক্রিয়াকর্মও আছে ।

আগামী কাল উনিশে জ্যৈষ্ঠ বিবাহের দিন । বরযাত্রীর দল আসবে । তার জন্যে আহারাদির উদ্যোগ করা চাই । পাড়ার লোকে কিছু কিছ সাহায্য করেছে । অভাব তবু যথেষ্ট ।

পাড়ার প্রান্তে একটি বড়ো পুষ্করিণী । তার নাম পদ্মপুকুর । বর্তমান ভূস্বামী দুর্লভবাবুর পূর্বপুরুষদের আমলে এই পুষ্করিণী সর্বসাধারণ ব্যবহার করতে পেতো । এমন কি গ্রামের গৃহস্থবাড়ির কোনো অনুষ্ঠান উপলক্ষে প্রয়োজন উপস্থিত হ'লে মাছ ধ'রে নেবার বাধা ছিল না । কিন্তু সম্প্রতি দুর্লভবাবু সেই অধিকার বন্ধ ক'রে দিয়েছেন । অল্প কিছু দিন আগে খাজনা দিয়ে বৃন্দাবন জেলে তাঁর কাছ থেকে-এই পুকুরে মাছ ধরবার স্বত্ব পেয়েছে ।

উদ্ধব এ সংবাদ ঠিকমত জানতো না । তাই সেদিন রাত্রি থাকতে উঠে পদ্মপুকুর থেকে একটা বড়ো দেখে রুইমাছ ধ'রে বাড়ি আনবার উপক্রম করছে । এমন সময় বিঘ্ন ঘটলো ।

সেদিন দুর্লভবাবুর ছোটো কন্যার অন্নপ্রাশন । খুব সমারোহ ক'রে লোক খাওয়ানো হবে । তারি মাছ-সংগ্রহের জন্য বাবুর কর্মচারী কৃত্তিবাস কয়েক জন জেলে নিয়ে সেই পুষ্করিণীর ধারে এসে উপস্থিত । দেখে, উদ্ধব এক মস্ত রুই মাছ ধরেছে । সেটা তখনি তার কাছ থেকে কেড়ে নিলে । উদ্ধব কৃত্তিবাসের হাতে পায়ে ধ'রে কাঁদতে লাগলো । কোনো ফল হ'লো না । ধনঞ্জয় পেয়াদা তাকে বলপূর্বক ধ'রে নিয়ে গেল দুর্লভবাবুর কাছে ।

দুর্লভের বিশ্বাস ছিল, ম্যাজিস্ট্রেটের কাছে অত্যাচারী ব'লে উদ্ধব তাঁর দুর্নাম করেছে । তাই তার উপরে তাঁর বিষম ক্রোধ । বললেন, "তুই মাছ চুরি করেছিস, তার দণ্ড দিতে হবে ।"

ধনঞ্জয় বললেন, একে ধরে নিয়ে যাও । যতক্ষণ না দশ টাকা দণ্ড আদায় হবে, ছেড়ে দিয়ো না ।

উদ্ধব হাতজোড় ক'রে বললে, "আমার দশ পয়সাও নেই । কাল কন্যার বিবাহ । কাজ শেষ হয়ে যাক, তার পরে আমাকে শাস্তি দেবেন ।"

**130.** পদ্মপুকুরে মাছ ধরার সত্ব কে পেয়েছিল ?

(1) বৃন্দাবন

(2) উদ্ভব

(3) দুর্লভ

(4) ধনঞ্জয়

**131.** দুর্লভবাবু কেন উদ্ভবকে শাস্তি দিতে চেয়ে ছিল ?

(1) সে গাছ কেটে ছিল ।

(2) সে গালি দিয়েছিল ।

(3) সে মাছ ধরে ছিল ।

(4) সে দাঙ্গা করে ছিল ।

**132.** নিম্নলিখিত বিকল্পগুলির মধ্যে সঠিক ক্রমটি চিহ্নিত কর -

(1) এদিকে তার কন্যা নিস্তারিণীর বিবাহ । তার অবস্থা মন্দ নয় । বরের নাম বটকৃষ্ণ ।

(2) তার অবস্থা মন্দ নয় । এদিকে তার কন্যা নিস্তারিণীর বিবাহ । বরের নাম বটকৃষ্ণ ।

(3) বরের নাম বটককৃষ্ণ । তার অবস্থা মন্দ নয় । এদিকে তার কন্যা নিস্তারিণীর বিবাহ ।

(4) এদিকে তার কন্যা নিস্তারিণীর বিবাহ । বরের নাম বটকৃষ্ণ । তার অবস্থা মন্দ নয় ।

**133.** সে দিন দুর্লভবাবুর ছোটো কন্যার ______ ?

(1) পরীক্ষা (2) জন্মদিন

(3) বিবাহ (4) অন্নপ্রাশন

**134.** উদ্ভব এ সংবাদ ঠিক মত জানতো না । বাক্যটিতে কর্তৃকারক কোনটি ?

(1) সংবাদ (2) জানতো

(3) উদ্ভব (4) ঠিকমত

**135.** উদ্ধব মণ্ডলের কন্যার নাম

(1) প্রভাবিনী

(2) নিস্তারিনী

(3) বিপদ্ তারিনী

(4) প্রমোদিনী

**নির্দেশ** : নীচের প্রশ্নগুলির সবচেয়ে উপযুক্ত উত্তরটি বেছে লিখুন :

**136.** একজন প্রাথমিক শিক্ষক তাঁর শিক্ষার্থীদের শ্রবণ-দক্ষতাকে সবচেয়ে ভালো করে বিকশিত করে তুলতে পারেন -

(1) প্রতিদিন নিয়ম করে শিক্ষার্থীদের নির্দিষ্ট কিছু না কিছু শোনার কাজে (listening activities) অভ্যস্ত করিয়ে

(2) বলতে বলতে হঠাৎ থেমে শিক্ষার্থীকে এই কথা জিজ্ঞাসা করে যে এই মাত্র, শিক্ষক কী বলেছেন

(3) শিক্ষার্থীরা যখন নিজেদের মধ্যে কথা বলে তখন তাদের শ্রবণ আচরণ (listening behavior) লক্ষ করে সেই আচরণকে ব্যবহার করে

(4) বারবার শিক্ষার্থীদের একথা মনে করিয়ে দিয়ে যে তারা যা শোনে তা নিয়ে যেন গভীর চিন্তাভাবনা করে

**137.** একটি ক্লাসে বিভিন্ন ভাষাভাষী শিক্ষার্থী আছে । তাদের ভাষা শেখানোর সময় শিক্ষিকা তাঁর ভাষিক বা বাচনিক (verbal interaction) যোগাযোগ মাধ্যমের সঙ্গে অঙ্গ সঞ্চালনকেও যুক্ত করেন । যেমন সরল বাক্যের শব্দগুলিকে দল বা syllable-এ ভাগ করার জন্য হাত তালি দেন । এই ধরণের উপস্থাপনা প্রধানত নীচের কোন দক্ষতার উপর আলোকপাত করে ?

(1) তাল, ছন্দ (Rhythm)

(2) ব্যবহারিকতা বা প্রায়োগিকতা (Pragmaties)

(3) ধ্বনিতাত্ত্বিক সচেতনতা (Phonological awareness)

(4) বাক্যগঠনতত্ত্ব (Syntax)

138. অপরকে বুঝতে পারা এবং তার সঙ্গে কার্যকর রূপে যোগাযোগ স্থাপন করতে পারার ক্ষমতাকে বলা হয়

(1) স্থানিক (spatial) বুদ্ধি

(2) ভাষাবৈজ্ঞানিক (linguistic) বুদ্ধি

(3) অন্তর্ব্যক্তিক (interpersonal) বুদ্ধি

(4) ব্যক্তিগত (intrapersonal) বুদ্ধি

139. কোনো শিক্ষার্থী ভুল করলে শিক্ষিকা তাকে ইতিবাচক প্রক্রিয়ার শোধরানোর চেষ্টা করেন। তার মানে শিক্ষিকা

(1) শিক্ষার্থীদের নেতিবাচক সংবেগাত্মক প্রতিক্রিয়া (negative emotional reaction) সম্পর্কে অবহিত

(2) শিক্ষার্থীদের ভাষাগত দক্ষতা পরিবর্ধনের চেষ্টা করছেন

(3) শিক্ষণ-প্রক্রিয়ার বিভিন্ন প্ররূপ (modalities) সমন্বিত করতে চাইছেন

(4) শিক্ষার্থীদের সংজ্ঞানাত্মক বিকাশের (cognitive development) পৃষ্ঠপোষণা করছেন

140. কোনো শিক্ষার্থী যদি তার শারীরিক, ইন্দ্রিয়গত, মানসিক প্রতিবন্ধকতার জন্য অথবা শিক্ষাগ্রহণে পারঙ্গম না হওয়ার জন্য শিক্ষাক্ষেত্রে পিছিয়ে পড়ে তবে তার জন্য প্রয়োজন -

(1) সংশোধনাত্মক বন্দোবস্ত (remediation)

(2) শ্রেণীকক্ষ নজরদরি (classroom management)

(3) মানবিক / কলাবিদ্যা ভিত্তিক শিক্ষা (hymanities based education)

(4) বিশেষ প্রয়োজন মুখী শিক্ষা (special needs education)

141. মূল্যায়ণের মানদণ্ড হচ্ছে

(1) মূল্যাঙ্কন-নির্দেশিকা (evaluation guideline)

(2) প্রশ্ন-প্রতি নম্বর বিভাজন

(3) শিক্ষার্থীর সামর্থ্য সম্বন্ধে সাধারণ ধারণা

(4) মূল্যায়ন প্রকৌশল (assessment tool)

142. সমধ্বন্যান্তক (যে সব শব্দের শেষ ধ্বনি গুলি একরকম) শব্দ জোড়া কোনটি ?

(1) যায় / হেয়

(2) ছদ্ম / হৃদ্দ

(3) খাও / যেও

(4) অজ / রোজ

143. constructivism হচ্ছে এমন একটি তত্ত্ব যেখানে শিক্ষার্থীরা

(1) নিজেদের প্রত্যক্ষ অভিজ্ঞতার মাধ্যমেই এই জগৎ সম্পর্কে তাদের জ্ঞান ও বোধ গড়ে তোলে

(2) বিভিন্ন পরস্পর বিরোধী নমুনা বা দৃষ্টান্ত অধ্যয়ন করে কোনো সুদৃঢ় সিদ্ধান্তে পৌঁছয়

(3) শিক্ষকদের সহায়তায় এবং বিভিন্ন শিক্ষামাধ্যমকে ব্যবহার করে নিজেদের তত্ত্ব গড়ে তোলে

(4) নিজেদের শিক্ষাসহায়ক উপাদান (aids) নিজেরা তৈরি করে এবং হাতে কলমে অভিজ্ঞতা অর্জন করে।

144. কোনো বার্তার (message) নির্দিষ্ট কিছু দিক্ (aspects) (যেমন, ধ্বনি, শব্দের, বিভিন্ন শ্রেণী, রূপতাত্ত্বিক (morphological) বৈশিষ্ট্য) চিনতে পারা অথবা তাদের পার্থক্য ধরতে পারার জন্য কোন কাজটি করা দরকার ?

(1) পঠন (reading)

(2) লিখন (writing)

(3) শ্রবণ (listening)

(4) কথন (speaking)

145. 'বিষয়-কেন্দ্রিক' শিক্ষণ প্রক্রিয়ার কেন্দ্র স্থলে থাকে -

(1) শিক্ষার্থীর আগ্রহ

(2) পাঠ্যক্রমের অন্তর্গত বিষয়বস্তু (course content)

(3) শিক্ষকের বিষয়-জ্ঞান

(4) শিক্ষণ প্রযুক্তি (educational technology)

146. অসাধারণ মেধার ইঙ্গিতগুলি সবচেয়ে ভালোভাবে বোঝা যায়

(1) আই.কিউ টেস্টে (IQ test)

(2) ই.কিউ টেস্টে (EQ test)

(3) শিক্ষক-শিক্ষিকা এবং মা-বাবার কাছ থেকে

(4) বিদ্যালয় মূল্যাঙ্কিত শিক্ষার্থীর আদ্যোপান্ত রেকর্ড (cumulative school records) থেকে

147. একজন মাধ্যমিক স্কুল শিক্ষক নিয়মিতরূপে বহুজাতিক সংস্থা সংক্রান্ত সংবাদ এবং নিবন্ধ পাঠ্যোপকরণ হিসেবে ক্লাসে ব্যবহার করেন । সেই সব সংবাদ ও নিবন্ধে থাকে উজ্জ্বল ভবিষ্যৎ গড়ে তোলার সুবর্ণ সুযোগের কথা – যে সুযোগ পাওয়ার জন্য চাই একাধিক ভাষার জ্ঞান অর্জন । এই সব পাঠ্যোপকরণ শিক্ষার্থীদের কিসে সাহায্য করে ?

(1) বিভিন্ন দ্বিভাষিক গোষ্ঠী ও তাদের কর্মকাণ্ডের বিশেষত্ব বুঝতে

(2) কোন পরিস্থিতিতে মানুষ আজকাল বিদেশে থাকতে বাধ্য হয় - তা উপলব্ধি করতে

(3) বিশ্বায়নের যুগে দ্বিভাষিক হওয়ার সুযোগসুবিধা অনুধাবন করতে

(4) বড়ো হয়ে তারা কোথায় যাবে, কোথায় কাজ নেবে সে সম্পর্কে সিদ্ধান্ত নিতে

148. শ্রবণ-কথন দক্ষতা মূল্যায়নের (listening-speaking assessment) জন্য অনুষ্ঠিত নীচের কথোপকথন গুচ্ছটি লক্ষ করুন । তারপর জানান আপনি কী ভাবে সংলাপ গুলির মূল্যাঙ্কন করবেন ।

**শিক্ষক** : দিল্লির বাতাস এত অস্বচ্ছ কেন ?

**১ম শিক্ষার্থী** : প্রধানত ধোঁয়া আর ধুলোর জন্য ।

**২য় শিক্ষার্থী** : আমারও । এটা অস্বচ্ছ ও বটে ।

(1) ১ম শিক্ষার্থী : ভুল প্রতিক্রিয়া
২য় শিক্ষার্থী : ঠিক প্রতিক্রিয়া

(2) ১ম শিক্ষার্থী : ঠিক প্রতিক্রিয়া
২য় শিক্ষার্থী : ভুল প্রতিক্রিয়া

(3) ১ম শিক্ষার্থী : ভুল প্রতিক্রিয়া
২য় শিক্ষার্থী : ভুল প্রতিক্রিয়া

(4) ১ম শিক্ষার্থী : ঠিক প্রতিক্রিয়া
২য় শিক্ষার্থী : ঠিক প্রতিক্রিয়া

149. কোনো পাঠ (text) এ একটি শব্দের ‘মূল্য’ (value) বলতে বোঝায়

(1) কোনো প্রসঙ্গে শব্দটির পরোক্ষ ব্যবহার

(2) একটি শব্দের বিভিন্ন রকম ব্যবহার

(3) একটি শব্দের আভিধানিক অর্থ

(4) কোনো বিশেষ প্রসঙ্গে শব্দটির তাৎপর্য

150. _____ ভাষা-শিক্ষা শিক্ষার্থীদের প্রামাণ্য; অর্থপূর্ণ পারস্পরিক যোগাযোগ (authentic, meaningful interaction) স্থাপনের উপরে জোর দেয়

(1) ব্যাকরণ-অনুবাদ (grammer-translation)

(2) দ্বিভাষিক (bilingual)

(3) অভিব্যক্তিমূলক (communicative)

(4) অনানুষ্ঠানিক (informal)

SPACE FOR ROUGH WORK

নিম্নলিখিত নির্দেশ গুলি মন দিয়ে পড়ুন :

1. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসেবে (OMR) উত্তর পত্রে কেবল একটিমাত্র বৃত্তকেই নীল/কালো বল পয়েন্ট পেন দিয়ে ভরাট করতে হবে । একবার উত্তর চিহ্নিত করণ হয়ে গেলে, তা আর বদলানো যাবে না ।

2. পরীক্ষার্থীকে অবশ্যাই মনে রাখতে হবে যে, উত্তর পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবেনা, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না । পরীক্ষার্থী তার ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না ।

3. পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন । কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা পুস্তিকা দেওয়া হবে না । (শুধুমাত্র পরীক্ষা পুস্তিকা এবং উত্তর পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে ।

4. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিক মতো পরীক্ষা পুস্তিকা/উত্তর পত্রে মুদ্রিত পরীক্ষা পুস্তিকার কোড নম্বরটি লিখবেন ।

5. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ পত্র বা Admit Card ছাড়া অন্য কোনো পাঠ্য বস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিক উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না ।

6. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তার প্রবেশপত্র তাঁকে দেখাবেন ।

7. পরীক্ষা-নিরীক্ষক বা তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তার আসন ছেড়ে উঠবেন না ।

8. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর পত্র জমা না দিয়ে এবং হাজিরা পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষার হল্ থেকে বেরোবেন না । যদি কোনো পরীক্ষার্থী হাজিরা পত্রে দ্বিতীয় বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর পত্র জমা করেন নি - এবং ব্যাপারটিকে দন্ডনীয় অপরাধ হিসেবে গণ্য করা হবে ।

9. ইলেক্ট্রনিক / হস্তচালিত ক্যালকুলেটরর ব্যবহার নিষিদ্ধ ।

10. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য । কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডর নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে ।

11. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা পুস্তিকা ও উত্তর পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না ।

12. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা-কক্ষ ছাড়ার আগে তাঁর উত্তর পত্রটি অবশ্যাই কক্ষ-নিরীক্ষকের হাতে জমা দেবেন । পরীক্ষা পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই - পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন ।**

**READ CAREFULLY THE FOLLOWING INSTRUCTIONS:**

1. **Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with Blue/Black Ball Point Pen on Side-2 of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.**
2. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
3. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
4. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet / Answer Sheet in the Attendance Sheet.
5. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the examination hall/ room.
6. Each candidate must show on demand his / her Admission Card to the Invigilator.
7. No candidate, without special permission of the Superintendent or Invigilator, should leave his / her seat.
8. The candidates should not leave the Examination Hall without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet a second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case.
9. Use of Electronic / Manual Calculator is prohibited.
10. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
11. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
12. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Room / Hall.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***

**निम्नलिखित निर्देश ध्यान से पढ़ें :**

1. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर पत्र के पृष्ठ-2 पर केवल एक वृत्त को ही पूरी तरह नीले/काले बॉल पॉइन्ट पेन से भरें । एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है ।
2. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ । परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें ।
3. परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी ।
4. परीक्षा पुस्तिका / उत्तर पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाज़िरी-पत्र में लिखें ।
5. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश कार्ड के सिवाय किसी प्रकार की पाठ्य सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज़ की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है ।
6. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-कार्ड दिखाएँ ।
7. अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें ।
8. कार्यरत निरीक्षक को अपना उत्तर पत्र दिए बिना एवं हाज़िरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल नहीं छोड़ेंगे । यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाज़िरी-पत्र पर हस्ताक्षर नहीं किए तो यह माना जाएगा कि उसने उत्तर पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा ।
9. इलेक्ट्रॉनिक / हस्तचालित परिकलक का उपयोग वर्जित है ।
10. परीक्षा-हॉल में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं । अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा ।
11. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर पत्र का कोई भाग अलग न करें ।
12. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी कक्ष / हॉल छोड़ने से पूर्व उत्तर पत्र कक्ष-निरीक्षक को अवश्य सौंप दें ।** ***परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं ।***

SEAL